জেন্ডার টিপ শিটস – স্বাস্থ্য (Health)

কার্যকর কর্মসূচি চালানোর জন্য এবং সুবিধাভোগীদের প্রয়োজনমত সাড়া দিতে হলে প্রতিটি সেক্টরের মধ্যে এবং সেক্টরগুলোর পরস্পরের সাথে সমন্বয় থাকা জরুরি। আর্ত মানবতার সেবায় পরিচালিত কর্মকাণ্ডে জেন্ডারকে অন্তর্ভুক্ত করার প্রশ্নে যৌথ পরিকল্পনা - লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) সংগ্রহ, বিশ্লেষণ ও এর ওপর প্রতিবেদন তৈরি; জাতিসংঘের অঙ্গসংস্থা, আন্তর্জাতিক সংস্থা, এনজিও ও স্থানীয় নাগরিক সমাজের মধ্যে তথ্য বিনিময় ও সহযোগিতা; ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সব পক্ষের কার্যকর ও সমান অংশগ্রহণকে উৎসাহিত করা; এবং মূল্যায়ন, সহায়তা সরবরাহ ও পরিষেবা সরবরাহকারী দলগুলোতে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

স্বাস্থ্য কর্মসূচির প্রতিটি কর্মক্ষেত্র নিয়ে তৈরি এই টিপ শিট সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। জেন্ডার-সংবেদনশীল কর্মসূচি কীভাবে বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

<table>
<tr><th colspan="2">স্বাস্থ্য</th></tr>
<tr><td>চাহিদা মূল্যায়ন ও বিশ্লেষণ</td><td>↳ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধকতা ভিত্তিক তথ্য (SADDD) সংগ্রহ ও বিশ্লেষণ করার পর স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্নরকম চাহিদা, সক্ষমতা ও প্রতিবন্ধকতা বোঝার জন্য অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। পাশাপাশি, বিশেষ ধরনের চাহিদাসম্পন্ন মানুষদেরকে চিহ্নিত করুন। জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করার ক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন:

↳ জনমিতি। জনমিতির ক্ষেত্রে গর্ভবতী বা স্তন্যদানকারী নারী, শিশু আছে এমন পরিবার এবং দীর্ঘদিন ধরে অসুস্থ ব্যক্তি ও প্রতিবন্ধী ব্যক্তি আছেন এমন পরিবারকে প্রাধান্য দিন।

↳ জেন্ডারভিত্তিক ভূমিকা ও ক্ষমতার বিশ্লেষণ। যেমন - স্বাস্থ্য বিষয়ক সিদ্ধান্ত ও সেবা গ্রহণের ক্ষেত্রে নারী-পুরুষ ও পরিবারের প্রত্যেক সদস্যের ভূমিকা জানতে হবে। একইসাথে পরিবারে নারী ও পুরুষের কাজের বিভাজন কেমন তাও জানা জরুরি।</td></tr>
</table>

	↳ জেন্ডার এবং সাংস্কৃতিক রীতিনীতি ও চর্চা। যেমন - সেবা ও কর্মী বাছাই করার ক্ষেত্রে মিশ্র/আলাদা সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার; স্বাস্থ্য সম্পর্কে সামাজিক-সাংস্কৃতিক ও ধর্মীয় বিশ্বাস ও নিষেধাজ্ঞা, মাসিকের ব্যাপারে প্রচলিত চর্চা ও বিশ্বাস ইত্যাদি বিবেচনা করুন। গর্ভাবস্থা, প্রসব ও স্তন্যদান সম্পর্কিত প্রচলিত চর্চা বিবেচনার পাশাপাশি আমাদের প্রত্যাশাও মাথায় রাখতে হবে। অপেশাদার স্বাস্থ্যকর্মীর ভূমিকা ও দক্ষতা নিয়েও কথা বলতে হবে। ↳ ইন্টারসেকশনাল বিষয়সমূহ চিহ্নিতকরণ। যেমন - এলজিবিটিকিউআই (LGBTQI) ব্যক্তিদের জন্য, জেন্ডারভিত্তিক সহিংসতার শিকার কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্যসেবা আছে কি না তা চিহ্নিত করুন। > স্বাস্থ্যসেবার ঘাটতিগুলো শনাক্ত করতে অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনায় নিচের বিষয়গুলো বিবেচনা করুন: ↳ স্বাস্থ্যকেন্দ্র। যেমন - স্বাস্থ্যকেন্দ্রের অবস্থান, সেখানকার নিরাপত্তা ব্যবস্থা, মিশ্র নাকি আলাদা কেন্দ্র, কেন্দ্রে গোপনীয়তা বজায় রাখার ব্যবস্থা রয়েছে কি না - এসব তথ্য সংগ্রহ ও বিবেচনা করুন। ↳ পরিষেবা। যেমন - জেন্ডারভিত্তিক সহিংসতা সংক্রান্ত সেবা, যৌন ও প্রজনন সংক্রান্ত সেবা, মানসিক স্বাস্থ্যসেবার সাথে সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদান করুন। জেন্ডারভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিকে আইনি সেবা দেয়ার উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন। ↳ স্বাস্থ্যকর্মী। যেমন - স্বাস্থ্যকর্মীদেরকে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা বোঝান। তাদের মধ্যে জেন্ডার ও এলজিবিটিকিউআই (LGBTQI) সম্পর্কিত জ্ঞান আছে কি না তা জানার চেষ্টা করুন। জেন্ডারভিত্তিক সহিংসতা সম্পর্কে ধারণা, এবং পিএসইএ সংক্রান্ত নীতিমালা আছে কি না এবং স্বাস্থ্যকর্মীদের এ সম্পর্কে ধারণা আছে কি না - তা যাচাই করুন ও নারী কর্মীদের প্রশিক্ষণ ও ইতিবাচক কর্মপরিবেশের জন্য সুপারিশ করুন ।

	↳ স্বাস্থ্যনীতি/পরিকল্পনা। যেমন - যৌথ সাড়াদান পরিকল্পনায় স্বাস্থ্যখাতের সাথে জড়িত সংস্থাগুলোর কর্মকৌশল ও অন্যান্য কৌশলগত নথিপত্রে জেন্ডার সংক্রান্ত বিষয়গুলো বিশেষভাবে বিবেচনা করুন। > স্বাস্থ্যখাতে নারী-পুরুষ নির্বিশেষে সবার সাথে কার্যকর পরামর্শ নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্যকর্মীদের মধ্যে জেন্ডার সমতা নিশ্চিত করুন। ↳ লিঙ্গ ও বয়স সম্পর্কিত তথ্য বিশ্লেষণ করুন। অংশগ্রহণমূলক উপায়ে সবার সাথে পরামর্শ করে জেন্ডার অ্যানালাইসিস করুন। লিঙ্গ, সময়/অবস্থান/সুবিধা অনুযায়ী সবার অংশগ্রহণ নিশ্চিত করুন। যেমন - মায়েদের অংশগ্রহণ নিশ্চিত করতে তাদের শিশুর যত্নের ব্যবস্থা করুন।
কৌশলগত পরিকল্পনা	> লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনা সংক্রান্ত নথি ও পরিস্থিতির মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদনগুলোতে (situation reports) জেন্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। > নারী-পুরুষের পাশাপাশি বিভিন্ন দূর্বল জনগোষ্ঠীর (LGBTQI, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি ইত্যাদি) সাথে অংশগ্রহণমূলক পদ্ধতিতে পরামর্শ করে সেবাসমূহ তাদের চাহিদা পূরণ করছে কিনা তা নিশ্চিত করুন। > স্বাস্থ্যখাতে সমান ও অন্তর্ভুক্তিমূলক প্রবেশগম্যতা নিশ্চিত করুন, যা সবার প্রয়োজন মেটানোর পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক ক্ষেত্রও বিবেচনা করে (Do No Harm)। ↳ প্রবেশগম্যতা। যেমন - স্বাস্থ্য কেন্দ্রগুলোর অবস্থান ও আশ্রয়কেন্দ্র থেকে এগুলোর দূরত্ব; প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এসব স্বাস্থ্য কেন্দ্রগুলোতে প্রবেশগম্যতা, উপযুক্ত সময় ও গোপনীয়তা রক্ষা করার বিষয়টি নিশ্চিত করুন। ↳ পরিষেবা। যেমন - লিঙ্গ ও বয়স বিবেচনা করে নির্দিষ্ট সেবা প্রদান করা; সাংস্কৃতিকভাবে উপযুক্ত পরিষেবা সরবরাহ; গোপনীয়তা রক্ষা।

	↳ কর্মীদের জ্ঞান ও দক্ষতা। যেমন - কর্মীদের জেন্ডারভিত্তিক সহিংসতা ও শিশু সুরক্ষা সম্পর্কিত সমস্যা শনাক্ত করার প্রশিক্ষণ দিন। একই সাথে তাদেরকে নিরীক্ষণ, রেফারেন্স ও প্রতিবেদন তৈরির প্রশিক্ষণ দেয়াও জরুরি। ক্ষতিকর সামাজিক চর্চার ব্যাপারে সচেতনতা সৃষ্টি করুন। ↳ জেন্ডার ভারসাম্যপূর্ণ স্বাস্থ্যকর্মী/স্বেচ্ছাসেবক/কমিটি। যেমন - নারী কর্মীদের নিয়োগ, প্রশিক্ষণ ও কাজে বহাল থাকার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করুন। স্বাস্থ্য কমিটিতে নারী ও পুরুষ উভয়কেই নিয়োগ ও প্রশিক্ষণ দিন। > স্বাস্থ্য সেবা পাওয়ার ক্ষেত্রে সবার অংশ গ্রহণের ক্ষেত্রে বাধাগুলো দূর করতে ওয়াশ, পুষ্টি, খাদ্য সুরক্ষা, শিক্ষা সহ সকল সেক্টরের সাথে যৌথভাবে কাজ করুন। ↳ স্বাস্থ্য সেক্টরে সবার অংশগ্রহণের ক্ষেত্রে সাংস্কৃতিক বাধাসমূহ দূর করুন। যেমন - কমিউনিটি স্বাস্থ্য কমিটি বা জেন্ডার পৃথকীকৃত কমিটিতে নারীদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার বিধান রাখুন। শিশু-যত্ন কেন্দ্র গড়ে তুলুন। ↳ কমিউনিটির সচেতনতা ও সামাজিক আচরণে পরিবর্তন। যেমন – এসআরএইচআর (SRHR) ও জিবিভি সম্পর্কে আশেপাশের মানুষকে সচেতন করুন। পরিবারের পুরুষ সদস্য ও এলাকাবাসীর মধ্যে জেন্ডার সংবেদনশীলতা তৈরির চেষ্টা করুন। কিশোরদের স্বাস্থ্যসেবার প্রয়োজনীয়তা বিষয়ক বার্তা প্রচার করুন। স্বাস্থ্যক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে নারীদের অংশগ্রহণের গুরুত্ব ও সক্ষমতা সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি করুন। > নারী-পুরুষ নির্বিশেষে সবার আচরণগত পরিবর্তন পরিমাপের জন্য সূচক তৈরি করুন। ↳ পরিবর্তনগুলোর লিঙ্গ ও বয়সভিত্তিক সূচক তৈরি করুন, যাতে বিভিন্ন

	জনগোষ্ঠীর মধ্যে পার্থক্যগুলো বোঝা যায় ও তা নিয়ে কাজ করা যায়। > পরিকল্পিত কর্মসূচি মূল্যায়ন করতে জেন্ডার উইথ এজ মার্কার (GAM) ব্যবহার করুন।
সম্পদের ব্যবহার	> লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে সবার বিশেষ চাহিদাসম্পর্কিত তথ্য ও বার্তা স্বাস্থ্য সেক্টরের কাছে পৌঁছে দিন, যেন তাদের চাহিদাগুলো অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। > স্বাস্থ্য সেক্টরে জেন্ডার সংক্রান্ত তহবিলের স্বল্পতা নিয়ে নিয়মিত প্রতিবেদন তৈরী করুন। এই প্রতিবেদনের ভিত্তিতে সরকার ও দাতাসংস্থার সাথে জেন্ডার তহবিল বরাদ্দের জন্য সুপারিশ করুন। > স্বাস্থ্য সেক্টরের কার্যক্রম তৈরী করার সময় GAM টুল প্রয়োগ করে জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নে (GEEWG) উক্ত সেক্টরের অবদান নিশ্চিত করুন।
বাস্তবায়ন ও পর্যবেক্ষণ	> স্বাস্থ্য কর্মসূচি/প্রকল্পসমূহে সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়নে সবাইকে সমানভাবে যুক্ত করুন। ↳ প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণের কর্মীদের মধ্যে জেন্ডার-ভারসাম্য নিশ্চিত করুন। যেমন - কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়নে নারীদের অধিকার সংক্রান্ত এবং যুব ও এলজিবিটিকিউআই (LGBTQI) সংগঠনগুলোকে জড়িত করুন। শিশুযত্ন সেবা সরবরাহের মাধ্যমে মায়েদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ কর্মী ও স্বেচ্ছাসেবীদের, বিশেষত নারী কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করুন। যেমন - যৌন নির্যাতন সম্পর্কিত সম্ভাব্য হুমকি, উত্যক্ত করা এবং নারী কর্মীদের যৌন হয়রানির ব্যাপারে অভিযোগ জানানোর ব্যবস্থা করুন। ↳ সবাই যেন তাদের জন্য নির্ধারিত সেবাগুলো সম্পর্কে জানে, কীভাবে সেগুলো পাওয়া যাবে, কোন সংগঠন সেবাগুলো দেয় এবং কীভাবে তাদের সেবাগুলো পেতে হবে এসব তথ্য জানে, তা নিশ্চিত করুন। ↳ প্রাপ্ত সেবাগুলো সম্পর্কে সবাইকে জানানো। সেবাগুলো কীভাবে পাওয়া

	যাবে, কোন কোন সংস্থা এই সেবাগুলো সরবরাহ করে তাও জানানো উচিত। সেই সাথে এই সেবাগুলো সরবরাহের ক্ষেত্রে তারা কীভাবে প্রভাব রাখতে পারে, সে সম্পর্কে তাদের সচেতন করুন। ↳ শিশু ও কিশোরবান্ধব, জেন্ডার সংবেদনশীল, অন্তর্ভুক্তিমূলক ও গোপনীয় (যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগসহ) মতামত ও অভিযোগের প্রক্রিয়া তৈরি করুন। যেমন - মতামত ও অভিযোগ বাক্স এবং হটলাইন সেবা চালু করুন। বয়স ও লিঙ্গ ভিত্তিক পৃথক এফজিডি (FGD) আয়োজন করুন। > প্রকল্পের কার্যক্রমের ফলে ব্যক্তির মধ্যে যে কোনো ধরণের নেতিবাচক পরিবর্তন নিয়মিত পর্যবেক্ষন করুন এবং রিপোর্ট করুন। > মানবিক সহায়তা ও সুরক্ষায় সব মানুষের স্বাভাবিক প্রবেশগম্যতা রয়েছে কি না বোঝার চেষ্টা করুন। > প্রকল্পটি জয়েন্ট রেসপন্স প্ল্যান এর জেন্ডার নির্দিষ্ট সূচক এ অবদান রাখছে কি না তা দেখুন। অন্য সব সেক্টরে এ সংক্রান্ত কর্মসূচির অর্জন ও শিক্ষণীয় বিষয়গুলো কর্মীদের সাথে আলোচনা করুন। > জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা এবং উন্নত করতে GAM অনলাইন টুল প্রয়োগ করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ এবং মূল্যায়ন	> স্বাস্থ্য সেক্টরের সুবিধাভোগীদের বিশেষায়িত চাহিদা ও দক্ষতা সম্পর্কিত তথ্য, লিঙ্গ ও বয়স ভিত্তিক তথ্য (SADDD) এবং বার্তাগুলো অন্যদের কাছে পৌঁছে দিন। একইসাথে অন্যদের প্রতিক্রিয়াগুলোও সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিন। ↳ জেন্ডার হাব সংশ্লিষ্ট তথ্য, প্রতিবেদন ও অন্যান্য নথিপত্র পর্যালোচনা ও প্রচারে সহায়তা করুন। ↳ স্বাস্থ্য সেক্টরে জেন্ডার সংবেদনশীলতা চর্চা থেকে শেখা বিষয়গুলো

	(lesson learned) নিয়মিত অনুশীলন করুন এবং অন্যদেরকে শেখান। > স্বাস্থ্য সেক্টরের প্রকল্পগুলো পর্যালোচনা করে দেখুন সেবাগুলো সবার কাছে পৌঁছেছে কি না এবং সম্ভাব্য ঘাটতি ও ভুলগুলো শনাক্ত করা হয়েছে কি না। > জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নে (GEEWG) এই সেক্টরের অবদান পর্যালোচনায় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।

আরও তথ্যের জন্য দেখুন:

- জেন্ডার প্রোফাইল ১ (1) (ডিসেম্বর ২০১৭) ও ২ (2) (মার্চ ২০১৯)
- জেন্ডার ব্রিফস ১ (1) (মার্চ ২০১৮), ২ (2) (মার্চ ২০১৮), ৩ (3) (এপ্রিল ২০১৮), ৪ (4) (জুন ২০১৮) ও ৫ (5) (জুলাই ২০১৮)
- জেন্ডার মেইনস্ট্রিমিং এর মূল্যায়ন (Review)
- জেন্ডার-সংশ্লিষ্ট টার্মের সংজ্ঞা (Definition)
- জেন্ডার ইউথ এইজ মার্কার (Gender with Age Marker) অনলাইন টুল

সংক্ষিপ্তসার তালিকা (ACRONYMS)			
এফজিডি (FGD)	ফোকাস গ্রুপ ডিসকাসন	জেআরপি (JRP) জয়েন্ট রেসপন্স প্ল্যান	যৌথ সাড়াদান পরিকল্পনা
জিএএম (GAM)	জেন্ডার উইথ এজ মার্কার	এলজিবিটিকিউআই (LGBTQI)	লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার ও ইন্টারসেক্স
জিবিভি (GBV)	জেন্ডারভিত্তিক সহিংসতা	পিএসইএ (PSEA)	প্রিভেনশন অফ সেক্সচুয়াল এক্সপ্লয়টেশন এন্ড এবিউজ
জিআইএইচএ/গিহা (GiHA)	জেন্ডার ইন হিউম্যানিটারিয়ার এ্যাকশন	এসএডিডিডি (SADDD)	লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা সংক্রান্ত পৃথকীকরণ ডেটা
জিইইডাব্লিউজি (GEEWG)	জেন্ডার ইকুয়ালিটি এন্ড এমপাওয়ারমেন্ট অফ ওমেন	এসআরএইচআর (SRHR)	যৌন ও প্রজনন স্বাস্থ্যের অধিকার

	এন্ড গার্ল (জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন)		

স্বাস্থ্য সেক্টরের জন্য জেন্ডার অ্যানালাইসিসের উদাহরণ:

"যৌন ও প্রজনন স্বাস্থ্যসেবায় সীমাবদ্ধতা রয়েছে। আর্থ-সাংস্কৃতিক প্রেক্ষাপটে যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সংক্রান্ত জ্ঞান এবং এসবের গ্রহণযোগ্যতার অভাব রয়েছে। স্বাস্থ্য কেন্দ্রগুলো জেন্ডার পৃথকীকরণ নয় বলে নারীরা সেখানে সেবা পেতে সামাজিক বাধা ও নিরাপত্তাহীনতার মুখোমুখি হন। বিশেষ করে বয়স্ক নারীরা স্বাস্থ্য সেবা পাওয়ার ক্ষেত্রে গুরুতর বাধার সম্মুখীন হন। অথচ, সাধারণত বয়স্ক পুরুষদের তুলনায় তারাই দীর্ঘমেয়াদী অসুস্থতায় ভোগেন। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলোতে নারী ডাক্তারের সংখ্যাও অপ্রতুল।"

জেন্ডার প্রোফাইল, নং ১, রোহিঙ্গা শরণার্থী সঙ্কটে সাড়াদান, ডিসেম্বর ২০১৭, গিহা ওয়ার্কিং গ্রুপ

যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কে আরও জানতে দেখুন- রোহিঙ্গা শরণার্থী সঙ্কট ২০১৭ নিয়ে কেয়ার'র র‍্যাপিড জেন্ডার এনালাইসিস, পৃষ্ঠা ১১। লিঙ্ক: https://insights.careinternational.org.uk/images/in-practice/RGA-and-measurement/RGA_Myanmar-Refugee-Crisis_2017_R.pdf

যোগাযোগ:

হেলথ সেক্টর জেন্ডার ফোকাল পয়েন্ট – Anne Oketch Achieng (oketcha@who.int)

জেন্ডার হাব – Maria Teresa Dico-Young (maria.young@unwomen.org)